# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১০৭. তায়াম্মুম করার হুকুম কী?

শরী'আতের দৃষ্টিতে একটি বৈধ বিষয়। আল্লাহর পক্ষ থেকে তার বান্দাদের জন্য এটা একটা বিশেষ অনুমতি । এ অনুমতি বান্দার কষ্ট ও কাঠিন্য দূরীভূত করে বান্দাকে পবিত্রতা অর্জনের পথ সহজ করে দিয়েছে। আল্লাহ তাআলা বলেন,

“তোমরা যদি অসুস্থ হও কিংবা সফরে থাক অথবা যদি তোমাদের কেউ পায়খানা থেকে আসে অথবা তোমরা যদি স্ত্রী সহবাস কর অতঃপর পানি না পাও, তবে পবিত্র মাটি দ্বারা তায়াম্মুম কর। তোমাদের মুখ ও হাত তা দ্বারা মাসেহ কর।” (সূরা ৫; মায়িদা ৬) রাসূলুল্লাহ (স) বলেন, “পৃথিবীর মাটি আমার জন্য পবিত্র ও সিজদার জন্য বৈধ করে দেওয়া হয়েছে।” (বুখারী: ৩৩৫)। ওযু করার পর যেসব ইবাদাত করা যায় তায়াম্মুমের পরও ঐসব ইবাদত করা মুবাহ অর্থাৎ বৈধ । অর্থাৎ তায়াম্মুম করে সালাত আদায়, কুরআন তিলাওয়াত এমনকি কাবা ঘরও তাওয়াফ করা জায়েয।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12845

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন